

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৬/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ কুতুব উদ্দিন

পিতা-মরহুম মৌ: সফিউদ্দিন

ই-৩৪, র্যাব-২ এর পশ্চিম পার্শে

আগারগাঁও, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ আখতার হোসেন

যুগ্ম সচিব

স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৭-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ১৮-১১-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব (প্রশাসন-১) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- গত ২৭-১০-২০১৩ খি: তারিখে লিখিত আমার পত্রের প্রেক্ষিতে অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১২-২০১৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে জিইপি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ০১-০৭-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন প্রতিপক্ষ স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব জনাব মোঃ আখতার হোসেন হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। এরপরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি পূর্বে যুগ্মসচিব (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে দায়িত্বপালন করেছেন। বর্তমানে তিনি অন্য শাখায় দায়িত্বপালন করছেন। তার নামে সমন জারী হওয়ায় তিনি কমিশনের ট্রাইব্যুনালে উপস্থিত হয়েছেন। অভিযোগকারী তথ্য অধিকার আইন অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের নিকট তথ্য প্রাপ্তির কোন আবেদন করেননি। তিনি ১৮ টি সুপারিশ সম্বলিত একটি বক্তব্য প্রেরণ করেছেন। তথ্য অধিকার আইনের ৮ ধারা অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন না করায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। অভিযোগকারীর ব্যক্তিগত সুপারিশের ভিত্তিতে তথ্য অধিকার আইন অনুযায়ী কোন কার্যক্রম গ্রহণ সম্ভব নয়। প্রার্থিত তথ্যাদি কোন তথ্য নয় এটা সুপারিশ। অভিযোগকারী তথ্য অধিকার আইন অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের আওতাধীন যে কোন বিষয়ে যথাযথভাবে তথ্য প্রাপ্তির আবেদন করলে, তাকে নির্ধারিত সময়ে তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন। এছাড়া সংশ্লিষ্ট শাখায় বর্তমানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) না থাকায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগের ব্যবস্থা নেয়া হবে মর্মে তিনি উল্লেখ করেন।

(অ:পূ:দ্র)

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনটি তার নিজস্ব কিছু সুপারিশ সম্পর্কিত। সুপারিশ কোন তথ্য হতে পারেনা।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি সুপারিশ, যেহেতু, সুপারিশ কোন তথ্য নয়, সেহেতু, সুপারিশের জন্য অভিযোগকারীকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং সরকার তার সুপারিশ প্রয়োজনে ব্যবহার করবেন মর্মে জানিয়ে দেয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দিয়ে অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার